

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি.

হেড অফিস, ঢাকা।

ট্রেজারী ডিপার্টমেন্ট

টিডি সার্কুলার নং- ০৪/২০২৪

নং-০৮.১/০৮/ ৬৭২

ফেব্রুয়ারী ২৯, ২০২৪

ফাল্গুন ১৬, ১৪৩০

বিষয় : ঋণ ও অগ্রিমের সুদের হার পুনঃনির্ধারণ।

বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-০৯, তারিখ ১৯/০৬/২০২৩, বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭, তারিখ ২৭/০৭/২০২৩, বিআরপিডি সার্কুলার লেটার নং- ৪৪, তারিখ- ০৫/১০/২০২৩, বিআরপিডি সার্কুলার লেটার নং-১১, তারিখ-২৯/০২/২০২৪, ব্যাংকের পরিচালনা পর্ষদের ০৬/০৭/২০২৩ তারিখের ৩০৫তম সভার সিদ্ধান্ত, ২৯/০২/২০২৪ তারিখে বাংলাদেশ ব্যাংকের ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক প্রকাশিত মার্চ, ২০২৪ মাসের জন্য প্রযোজ্য ফেব্রুয়ারি, ২০২৪ মাসের SMART (Six-Months Moving Average Rate of Treasury Bill) হার ৯.৬১% অনুযায়ী এবং ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়ের অনুমোদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত নীতিমালা অনুযায়ী মার্চ, ২০২৪ মাসের জন্য ব্যাংকের ঋণ ও অগ্রিমের সুদের হার পুনঃনির্ধারণ করা হ'ল :

ক)

ক্রম নং	ঋণের খাত	বিদ্যমান সুদ হার (%)	পুনঃনির্ধারিত সুদ হার (%)
০১.	প্রচলিত সকল ঋণ (নিম্নবর্ণিত ২ ও ৩ নং ব্যতীত)	১২.৪৩	১৩.১১
০২.	প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ এবং কৃষি ও পল্লী ঋণ	১১.৪৩	১২.১১
০৩.	এফডিআর, ডিপিএস ও বিভিন্ন সঞ্চয় স্কীমের বিপরীতে ঋণ	সংশ্লিষ্ট হিসাবের সুদহার অপেক্ষা ৩% বেশি	অপরিবর্তিত

খ) এতদ্ব্যতীত, টিডি সার্কুলার নং- ২/২০২৩, তারিখ- ১১/০৭/২০২৩ এবং টিডি সার্কুলার নং- ৩/২০২৩, তারিখ- ০১/০৮/২০২৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে;

গ) এ নির্দেশনা ০১/০৩/২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

০২। পুনঃনির্ধারিত সুদ হার সকলের অবগতির জন্য প্রতিটি ব্রাঞ্চার দৃষ্টিগোচর স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হ'ল।


(মোঃ আব্দুল মান্নান শেখ)
জেনারেল ম্যানেজার



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

২৯ ফেব্রুয়ারি ২০২৪

তারিখ: -----

১৬ ফাল্গুন ১৪৩০

বিআরপিডি সার্কুলার লেটার নং-১১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হার প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩, বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭/২০২৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৬৪/২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. মূল্যস্ফীতি হ্রাসের নিমিত্ত মনিটরিং পলিসি কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে নীতি সুদহার বৃদ্ধির প্রভাব SMART এর উপর ইতোমধ্যে প্রতিফলিত হয়েছে। এ প্রেক্ষিতে, ঋণের সুদহার মনিটরিং পলিসির সাথে সামঞ্জস্যপূর্ণ করা এবং অর্থনৈতিক গতিশীলতা বজায় রাখার লক্ষ্যে ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা পরিপালনীয় হবে:
 - ক) ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ৩.৫০% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে; এবং
 - খ) প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ এবং কৃষি ও পল্লী ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ২.৫০% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে।
৩. এ নির্দেশনা জারির পর হতে নতুনভাবে বিতরণকৃত ঋণের বিপরীতে অনুচ্ছেদ নং-২(ক) ও ২(খ) এ বর্ণিত সুদহার মার্জিন প্রযোজ্য হবে। ইতঃপূর্বে বিতরণকৃত ঋণের সুদহার পরিবর্তনের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এর অনুচ্ছেদ-৫ এর নির্দেশনা পরিপালনীয় হবে।
৪. এ নির্দেশনা জারির মাধ্যমে বিআরপিডি সার্কুলার লেটার নং-৬৪/২০২৩ এর নির্দেশনা রহিত করা হলো। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭/২০২৩ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
৫. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯(২)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
৬. এ নির্দেশনা ০১ মার্চ ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২

Six months Moving Average Rate of Treasury bill (SMART)

Month	SMART
September-23	7.20%
October-23	7.43%
November-23	7.72%
December-23	8.14%
January-24	8.68%
February-24	9.61%